



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৬

তারিখঃ ১৫-০৩-২০২৬

বিজ্ঞপ্তি

বরাবর: বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সকল সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় প্রথমবার ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এর খেলা আগামী ০২-০৫-২০২৬ তারিখ হতে আয়োজন করা হবে। এ লক্ষ্যে যে সকল ফুটবল ক্লাব ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাবসমূহকে মতিবিলম্ব বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। আসন্ন ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ উপলক্ষে প্রণীত BFF Futsal Club Licensing Regulations 2025-26 এর বিভিন্ন নির্ণায়ক/মানদণ্ডসমূহ পূরণ করা বাঞ্ছনীয় বিষয় সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় কার্যার্থে উক্ত রেগুলেশন এতদসঙ্গে সংযুক্তি হিসেবে প্রেরণ করা হলো।

এমতাবস্থায় যে সকল ক্লাব ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাবসমূহকে এতদসঙ্গে সংযুক্ত Core Process Timeline অনুযায়ী BFF Futsal Club Licensing Regulations 2025-26 এর বিভিন্ন নির্ণায়কসমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ-পত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ০৪-০৪-২০২৬ তারিখের মধ্যে মতিবিলম্ব বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য যে, আসন্ন ‘বাংলাদেশ ফুটসাল লীগ ২০২৫-২৬’ এ অংশগ্রহণের লক্ষ্যে ক্লাব লাইসেন্সিং এর জন্য আবেদনকারী দলসমূহকে নিরাপত্তা জনিত জামানত (Security/Gurantee Deposit) হিসেবে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের অনুকূলে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার পে অর্ডার প্রদান করতে হবে; যাহা উক্ত লীগের নিয়মকানুন ও শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেরতযোগ্য।

বিশেষভাবে উল্লেখ্য যে:

- ১। কোনো ক্লাব/সংস্থা যদি বিশিষ্ট বা বিখ্যাত ব্যক্তির নাম ব্যবহার করতে ইচ্ছুক হয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ট্রাস্ট/ফাইন্ডেশন/ইনিস্টিটিউট থেকে পূর্বানুমতি গ্রহণ করতে হবে এবং তার প্রমাণস্বরূপ প্রয়োজনীয় আইনগত সনদপত্র বাফুফে বরাবর দাখিল করতে হবে।
- ২। সকল লাইসেন্স আবেদনকারী ক্লাবের পুরুষ ও মহিলা উভয় দল থাকা বাধ্যতামূলক।
- ৩। সকল লাইসেন্স আবেদনকারী ক্লাবকে এই মর্মে ঘোষণা করতে হবে যে পুরুষ ও মহিলা উভয় দলকে ধারাবাহিকভাবে পরবর্তী দুইটি ফুটসাল লীগ/মৌসুমের খেলায় অংশগ্রহণ করতে হবে।

চলমান পাতা #০২



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION

(০২)

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে'র এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-ক্লাব লাইসেন্সিং এন্ড ইন্ট্রিটি, জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮ ০১৭৬০-৮১৯৮৪৮ এবং ই-মেইলঃ mirajul.islam@bff.com.bd) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

বাংলাদেশ ফুটবল ফেডারেশন

ইমরান হোসেন তুষার
সাধারণ সম্পাদক



মোঃ ইমরানুর রহমান
চেয়ারম্যান, বাফুফে ফুটসাল কমিটি

বিতরণঃ

- ১। সম্মানিত সভাপতি, বাফুফে।
- ২। সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দ ও সকল সদস্য, কার্যনির্বাহী কমিটি, বাফুফে।
- ৩। ফুটসাল কমিটি, বাফুফে।
- ৪। বাফুফে'র আওতাধীন সকল এসোসিয়েশন/সদস্য সংস্থা।
- ৫। বাফুফে নোটিশ বোর্ড।
- ৬। সকল ইলেকট্রনিক্স, প্রিন্ট ও অনলাইন মিডিয়া।
- ৭। সংশ্লিষ্ট সকল।

সংযুক্তিঃ

- ১। BFF Futsal Club Licensing Regulations 2025-26.
- ২। Core Process Timeline.